# দিনপঞ্জি ২০১২ ঃ স্বাগতম তোমায়

হারুন রশীদ আজাদ



প্রিয়তমা,

জীবন পাতার মত বর্ষ চলে যায়। বর্ষ শুরুর উপমায় মন আদর পেতে চায়। রাত কাটে অশ্রু জলে - তুমি কাছে নেই বলে। তবু ভাবি কাছে নেই তাতে কী! আলোক রশ্মি আছে তোমার সীমানায়। তাই নিয়ন্ত্রণ কক্ষে বসে সারাক্ষন তোমাকে দেখি, দেখি আদরের দুটি চোখ। অভিমান রেখে আজকের সুখকে বুঁকে টেনে নাও, ভুলে যাও সব ভুলে যাও। মলিন কাপড় বদলে সুখ টানা শাড়ীটা এখনি পড়ে নাও। অপেরা নয়, ডার্লিং হারবার ব্রিজের কোন একখানে একদিন দেখা হবেই হবে। রইলাম সেই প্রত্যাশায় ।

জীবন চলার মত, বর্ষ ঘুরে ফিরে চলে
আবার এলো নতুন বর্ষ, অবুঝ'রা তা-ই বলে
মানব জাতির সবকিছুকে বর্ষ রাখে ঘিরে।
একই মেরুর আমরা সবাই, আছি বিশ্বজুড়ে
কেউবা মোরা মিথ্যা হাসি, কেউবা হাসি সুখে
নতুন বছর ঘরে এলেও দুখাই কাঁদে দুঃখে।
মহাজোট বেঁধে মোদের জাগে চেতনা
আসবে সুখ আমার ঘরে নতুন বাসনা।

শুধু তোমার